



# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং-১২.২০.০০০০.০০৪.০১৪.১৬.১১-৩২৬৬

তারিখ: ১৯/১১/২০২৪ খ্রি.

কর্মশালায় তারিখ পুনঃনির্ধারণ

বিষয়: 'Bangladesh GAP Standard and GAP Protocol' ওরিয়েন্টেশন কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship and Resilience in Bangladesh (PARTNER) প্রকল্পের অর্থাৎ মাঠ পর্যায়ে GAP বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ১৫টি ফসলের GAP প্রোটোকল তৈরির বাধ্যবাধকতা রয়েছে। ইতোমধ্যে গত ২০২৩-২৪ অর্থবছরে ৮টি ফসলের (আম, কাঁঠাল, পেয়ারা, বেগুন, বরবটি, পটল, লাউ, কাঁচাপেঁপে) GAP প্রোটোকল প্রণয়ন ও মুদ্রণ করা হয়েছে। এছাড়াও, বাংলাদেশ উত্তম কৃষি চর্চার মানদণ্ড মুদ্রণ করা হয়েছে। উক্ত প্রকাশনাসমূহ অবহিতকরণের লক্ষ্যে 'Bangladesh GAP Standard and GAP Protocol' ওরিয়েন্টেশন শীর্ষক কর্মশালা অনিবার্য কারণবশত আগামী ২১ নভেম্বর ২০২৪ তারিখের পরিবর্তে আগামী ০৩ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ পুনঃনির্ধারণ করা হলো।

এমতাবস্থায়, আগামী ০৩ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ সকাল ০৯:৩০ ঘটিকায় বিএআরসি অডিটরিয়াম, ঢাকাতে অনুষ্ঠিত কর্মশালায় অংশগ্রহণের নিমিত্ত আপনার প্রতিষ্ঠান হতে PARTNER প্রকল্প, GAP Validation Trial বাস্তবায়িত ৮টি উপজেলায় কর্মরত উপজেলা কৃষি কর্মকর্তা; PARTNER প্রকল্প; GAP উইনিট, ডিএই এবং GAP সংশ্লিষ্ট অন্যান্যসহ মোট ২০ জন কর্মকর্তার মনোনয়ন (ইমেইল, মোবাইল, হোয়ার্সআপ নম্বরসহ) আগামী ২৬ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখের মধ্যে বিএআরসিতে প্রণয়ের জন্য অনুরোধ করা হলো।

১৯/১১/২৪

(ড. নাজমুন নাহার করিম)

নির্বাহী চেয়ারম্যান (বু. দা.)

ফোন: +৮৮-০২-৪১০২৫২৫২

ই-মেইল: ec.barc@barc.gov.bd

মহাপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব মোঃ মিজানুর রহমান, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, PARTNER প্রকল্প, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
- ২। ড. মোঃ আশরাফুল আলম, এজেলি প্রোগ্রাম ডাইরেক্টর, PARTNER প্রকল্প, এপিসিইউ-বিএআরসি, ঢাকা।
- ৩। পরিচালক (কম্পিউটার ও জিআইএস), বিএআরসি, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৪। নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।